

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ শঠিবাড়ী, রংপুর।

মোবাইলঃ ০১৭৬৯৪০০৭৫৫
ই-মেইলঃ rangpurpbs1@yahoo.com
ওয়েবসাইটঃ www.pbs1.rangpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.০৩৮.২০. ২০২০

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
০২ জুন, ২০২০ খ্রিস্টাব্দ


বিষয় : কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের জন্য কোটেশন (RFQ) আহ্বান।

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর কর্তৃক নিম্নোক্ত বর্ণনা অনুযায়ী কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল সরবরাহের জন্য প্রকৃত সরবরাহকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত কোটেশন (RFQ) আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	ফরম নং	পরিমাণ	একক দর	মোট দর
০১	বিদ্যুৎ বিল ফরম $\frac{১}{২} \times ১১$ ইঞ্চি চলমার, ৭০ ডিএসএম অফসেট পেপারে উভয় পৃষ্ঠায় মুদ্রিত। ষ্টার পাঞ্চ, ডাট ফ্রি, প্রতি বক্সে ২০০০ সীট থাকতে হবে। প্রতি বক্সের ওজন কমপক্ষে ৯.৩৩ কেজি হতে হবে (নমুনা মোতাবেক)।	২২২	২৭০ বক্স		

শর্তাবলী :

- আগ্রহী দরদাতাগণ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বর্ণিত ছকে দর উল্লেখপূর্বক খামের মুখ সীলগালা করে আগামী ০৯/০৬/২০২০ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময় (১) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর অথবা (২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোনাল সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর রক্ষিত টেন্ডার বাঞ্চে সরাসরি অথবা ডাক/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে সীল কোটেশন দাখিল করতে পারবেন। প্রাপ্ত দরপত্রসমূহ ত্রিদিন (০৯/০৬/২০২০ খ্রিঃ তারিখ) বেলা ১২:৩০ ঘটিকার সময় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরপত্রের খামের উপর “কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল সরবরাহের দরপত্র” কথাটি লিখতে হবে।
- সমিতি কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গ্রহণযোগ্য হলে কার্যদেশ প্রদানের ১৫দিনের মধ্যে মালামাল নিজস্ব খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে। অন্যথায় প্রতিদিন বিলম্বের জন্য উদ্ধৃত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসেবে অর্থ বিল হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে সরকারী বিধি মোতাবেক বিল হতে আয়কর ও ভ্যাট কর্তনপূর্বক বিল পরিশোধ করা হবে।
- মালামাল সরবরাহের পর দাখিলকৃত বিলের ১০% অর্থ নিরাপত্তা জামানত হিসেবে কর্তন করে রাখা হবে যা, মালামালের কোন ত্রুটি না থাকলে ০৬ (ছয়) মাস পর ফেরৎ প্রদান করা হবে।
- দরপত্রের উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষাঘষি এবং ফ্লাইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- দরপত্র দাখিলের সময় অত্র সমিতির এজিএম (প্রশাসন) হতে নমুনা সংগ্রহ করে নমুনায় এজিএম (প্রশাসন) ও দরপত্র প্রদানকারী প্রতিষ্ঠানের স্বাক্ষর ও সীল থাকতে হবে। যৌথ স্বাক্ষরের নমুনা পাওয়া না গেলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রাক্কলিত দরের চেয়ে দাখিলকৃত দর ১০% এর অধিক/কম হলে দরপত্র বাতিল করা হবে।
- দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে সমিতির প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করতে পারবেন।
- তালিকায় উল্লিখিত কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম এর পরিমাণ সর্বোচ্চ ২০% কম/বেশি করবার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন কারন দর্শনো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।



(মোঃ নূরুর রহমান)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা-বাপবিবোবোর্ডের ওয়েব সাইটে RFQ টি প্রচারের জন্য অনুরোধ করা হল।
- জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা।
- পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারপবিস-১/২/৩/৪।
- ডিজিএম, কারিগরী/পীরগাছা/সুদরগঞ্জ/পীরগঞ্জ/সাদুল্লাপুর জোনাল অফিস, রংপুর পবিস-১।
- এজিএম (ওএন্ডএম), ভেভাবাড়ী সাব জোনাল অফিস, রংপুর পবিস-১।
- এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা), রংপুর পবিস-১।
- জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), রংপুর পবিস-১ : সমিতির ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হল।
- মেসার্স
- নোটিশ বোর্ড, রংপুর পবিস-১।

(মোঃ নূরুর রহমান)

সিনিয়র জেনারেল ম্যানেজার